

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৭৫

১/ বিবিধ

আরবী

السلطان ظل الله في أرضه من نصحه هدى، ومن غشه ضل
موضوع

أخرجه أبو نعيم في كتاب " فضيلة العادلين " (ورقه 226 وجه 1 من مجموع 60 –
ظاهرية دمشق) من طريق يحيى بن ميمون، حدثنا حماد بن سلمة عن سهيل عن أبيه
عن أبي هريرة مرفوعا، ومن طريق داود بن المحبر قال حدثنا عقبة بن عبد الله عن
قتادة عن أنس مرفوعا نحوه
قلت: وهذان إسنادان موضوعان، في الأول يحيى بن ميمون وهو ابن عطاء البصري،
قال الدارقطني وغيره: متروك، وقال الفلاس وغيره: كان كذابا
وفي الآخر: داود بن المحبر، وهو متهم أيضا وقد تقدم، ومن طريقه رواه العقيلي في "
الضعفاء " (358) وقال: عقبة مجهول بالنقل، وحديثه منكر غير محفوظ، ولا يعرف إلا
به، ولا يتابعه إلا نحوه في الضعف
وذكره في " الجامع الصغير " من رواية البيهقي في " الشعب " عن أنس وتعقبه
المنائوي بقوله: وفيه محمد بن يونس القرشي وهو الكديمي الحافظ، اتهمه ابن عدي
بوضع الحديث، وقال ابن حبان: كان يضع على الثقات، قال الذهبي في " الضعفاء "
عقبه: قلت: انكشف عندي حاله
قلت: ومن طريقه أخرجه أبو سعد عبد الرحمن بن حمدان في جزء من " أماليه "
(2 / 151) قال: أخبرنا يعقوب بن إسحاق الحضرمي أخبرنا عقبة بن عبد الله

الرفاعي أخبرنا قتادة عن أنس وكذلك هو في " الشعب " (6 / 19 / 7376) موقوف

বাংলা

৪৭৫। বাদশা হচ্ছে আল্লাহর যমীনে তার ছায়া। যে তাকে নসীহত করবে, সে হেদায়েতপ্রাপ্ত হবে। আর যে তার সাথে প্রতারণা করবে, সে পথভ্রষ্ট হয়ে যাবে।

হাদীসটি জাল।

এটি আবু নুয়াইম "ফাযীলাতুল আদেলীন" গ্রন্থে (পাতা ২২৬/১-৬০ হতে) ইয়াহইয়া ইবনু মায়মুন সূত্রে ... আবু হুরাইরাহ্ (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। দাউদ ইবনুল মুহাব্বার সূত্রে ... আনাস (রাঃ) হতেও মারফু হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদ দুটি বানোয়াটঃ

১। প্রথমটিতে মুহাম্মাদ ইবনু মায়মুন রয়েছে। তিনি হচ্ছেন ইবনু আতা বাসরী। দারাকুতনী এবং অন্যরা তার সম্পর্কে বলেনঃ তিনি মাতরুক। ফাল্লাস ও অন্যরা বলেনঃ তিনি মিথ্যুক ছিলেন।

২। দ্বিতীয়টিতে দাউদ ইবনু মুহাব্বার রয়েছে। তিনিও মিথ্যার দোষে দোষী। তার সূত্রেই উকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (৩৫৮) হাদীসটি বর্ণনা করে বলেছেনঃ (সনদের এক বর্ণনাকারী) উকবা বর্ণনা করার ক্ষেত্রে মাজহুল। তার হাদীস মুনকার, মাহফুয নয়। তাকে এ হাদীসের মাধ্যমেই চেনা যায়। তার মত দুর্বল ব্যক্তি ছাড়া কেউ তার মুতাবায়াত করেননি।

বাইহাকীর "আশ-শুয়াব" গ্রন্থের উদ্ধৃতিতে সুয়ুতী "জামেউস সাগীর" গ্রন্থে আনাস (রাঃ) হতে হাদীসটি উল্লেখ করেছেন। মানবী তার সমালোচনা করে বলেছেনঃ তাতে মুহাম্মাদ ইবনু ইউনুস কুরাশী রয়েছে। তিনি হচ্ছেন কুদায়মী। তাকে ইবনু আদী হাদীস জাল করার দোষে দোষী করেছেন। ইবনু হিব্বান বলেছেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জাল করতেন। যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে বলেছেনঃ আমার নিকট তার অবস্থা সুস্পষ্ট হয়ে গেছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68060>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন